কালের কণ্ঠ

তারিখ 12 NOV 2017
পৃ. ৩ কলাম ৬

# হাবিপ্রবির ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

**দিনাজপুর প্রতিনিধি ▷**

দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার সব ইউনিটের ফল প্রকাশিত হয়েছে। গতকাল শনিবার দুপুর ২টায় ফলসহ ভর্তির সব তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তবে লিখিত অভিযোগ আমলে না নেওয়ায় ভর্তি কমিটির ছয় সদস্য প্রকাশিত ভর্তি পরীক্ষার ফল শিটে স্বাক্ষর করেননি।

স্বাক্ষর না করা সদস্যদের একজন প্রফেসর ড. হারুনুর রশিদ বলেন, 'ফলাফল সঠিক হয়েছে কি না সে বিষয়ে আমাদের জানা নেই। তবে ফলাফল বিষয়ে কোনো প্রকার ভুল হলে আমরা দায়দায়িত্ব নেব না।' ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.hstu.ac.bd)-এ পাওয়া যাবে। ফল প্রকাশের সময় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মু. আবুল কাসেমসহ ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক, সদস্যসচিবসহ অন্য সদস্যরা উপস্থিত ছিলেন।